

মেডিকেল শিক্ষার মানোন্নয়নে বিশেষ নজর দেওয়া হচ্ছে

স্বাস্থ্যমন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

মেডিকেল শিক্ষার মান বজায় রাখতে সরকার কঠোর অবস্থান অব্যাহত রাখবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল বুধবার সচিবালয়ে বেসরকারি মেডিকেল কলেজের আসন বাড়ানো-সংক্রান্ত এক সভায় তিনি আরও বলেন, মেডিকেল শিক্ষার মানোন্নয়নে বিশেষ নজর দেওয়া হচ্ছে। মানোন্নয়নে ব্যর্থ মেডিকেল কলেজে নতুন শিক্ষার্থী ভর্তি স্থগিতসহ বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

মেডিকেল ভর্তি পরীক্ষা নিশ্চিত নিরাপত্তার মধ্য দিয়ে সম্পন্ন হচ্ছে জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, মেডিকেল শিক্ষা নিয়ে যারা কাজ করছেন, তাদের মনে রাখতে হবে, এটা কোনো শিল্প প্রতিষ্ঠান নয়। মেডিকেল কলেজ থেকে যাতে সূচিক্রিমসক তৈরি হয়, সে লক্ষ্যে সবাইকে কাজ করতে হবে। আগামী বছরের জন্য মেডিকেল কলেজগুলোতে আসন বাড়ানোর বিষয় বিবেচনার জন্য শিগগিরই সংশ্লিষ্টদের বিশেষ পরিদর্শন সম্পন্ন করার নির্দেশ দেন স্বাস্থ্যমন্ত্রী।

সভায় অন্যদের মধ্যে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্যসেবা বিভাগের সচিব সিরাজুল হক খান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব ফয়েজ আহম্মেদ, বিএমএম সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, স্বাচিপ সভাপতি অধ্যাপক ডা. ইকবাল আর্সলান, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ, বিএমডিসি সভাপতি অধ্যাপক ডা. মোহাম্মদ সহিদুল্লাসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।